প্রথম আলো

তারিখ AUG 12 2006
পৃষ্ঠা ২৮ কলাম ৭

### হরতাল ডেকেছে শিক্ষক ফ্রন্ট

# শিক্ষার্থীর বেতন সরকারি কোষাগারে জমা দেওয়ার বিপক্ষে সব সংগঠন

জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট ধর্মঘট স্থগিত করে ২৬ আগস্ট ঢাকায় মহা-অবস্থান ও ২৭ আগস্ট অর্ধদিবস হরতাল ডেকেছে। শিক্ষার্থীদের বেতন সরকারি কোষাগারে জমা দেওয়ার সরকারি শর্ত প্রত্যাহার করা না হলে ২৬ আগস্টের পর আবারও অবিরাম ধর্মঘট শুরু করা হবে। গতকাল শুক্রবার ফ্রন্ট আয়োজিত সংবাদ ব্রিফিংয়ে এ কর্মসূচি ঘোষণা করা হয়।

এদিকে সব শিক্ষক সংগঠন শিক্ষার্থীদের বেতন সরকারি কোষাগারে দেওয়ার বিপক্ষে মত দিয়েছে। তবে শিক্ষা মন্ত্রণালয়ের একজন মুখপাত্র বলেছেন, এটি কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নয়। সবার সঙ্গে আলাপ-আলোচনার পর একটি নীতিমালার ভিত্তিতেই এ সিদ্ধান্ত চূড়ান্ত করা হবে। এটি নিয়ে কেউ কেউ বিভ্রান্তি সৃষ্টি করছেন বলেও তিনি উল্লেখ করেন।

গতকাল শিক্ষক কর্মচারী ফ্রন্ট আয়োজিত ব্রিফিংয়ে বক্তব্য রাখেন সংগঠনের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। উপস্থিত ছিলেন মোহাম্মদ আজিজুল ইসলাম, আসাদুল হক, এস এস এ জলিল, অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী, এম আরজু প্রমুখ।

সরকার সমর্থক বলে পরিচিত শিক্ষক কর্মচারী ঐক্যজোট শর্তহীনভাবে শতভাগ বেতন বাড়ানোর প্রজ্ঞাপন জারি করে শিক্ষাক্ষেত্রে সৃষ্ট সংকট নিরসনের দাবি জানিয়েছে। গতকাল অনুষ্ঠিত জোটের এক সভায় বলা হয়, শিক্ষার্থীর বেতন সরকারি কোষাগারে দেওয়া সম্ভব নয়—এ কথা সংগঠনের পক্ষ থেকে বলে সুস্পষ্টভাবে সরকারকে জানিয়ে দেওয়া হয়েছে। জোটের সভাপতি অধ্যক্ষ এম শরীফুল ইসলামের সভাপতিত্বে সভায় বক্তৃতা করেন অধ্যক্ষ মাজহারুল হান্নান, মুহম্মদ জাহাঙ্গীর খান, অধ্যক্ষ ইসহাক হোসেন, অধ্যক্ষ রফিকা

এরপর পৃষ্ঠা ১৫ কলাম ৩

### শিক্ষার্থীর বেতন সরকারি কোষাগারে

শেষ পৃষ্ঠার পর

আফরোজা, অধ্যক্ষ হারুনুর রশীদ পাঠান প্রমুখ।

শিক্ষক কর্মচারী ঐক্যজোট নামে সরকার সমর্থক অপর অংশের নেতারা শুক্রবারসহ ছুটির দিনে অতিরিক্ত ক্লাস নিয়ে শিক্ষার্থীদের ক্ষতি পুষিয়ে দেওয়ার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। তারা বলেন, শতভাগ বেতন দেওয়ার শর্তে শিক্ষার্থীর বেতন সরকারি কোষাগারে দেওয়া হবে না। জোটের প্রধান সমন্বয়কারী মো. সেলিম ভুঁইয়া, কাজী আবদুর রাজ্জাক, অধ্যক্ষ মাহবুবুর রহমান মোল্লা, জাকির হোসেন প্রমুখ এক বিবৃতিতে এ কথা বলেন।

শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদ ১৫ আগস্টের মধ্যে শর্ত প্রত্যাহার না করলে ১৬ আগস্ট আন্দোলনের নতুন কর্মসূচি ঘোষণা করবে। পরিষদের এক সভায় গতকাল কালো পতাকা উত্তোলন করে কালো ব্যাজধারণ কর্মসূচি পালন করায় শিক্ষকদের প্রতি ধন্যবাদ জানানো হয়। পরিষদের আহ্বায়ক অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকীর সভাপতিত্বে সভায় ড. ম আখতারুজ্জামান, প্রদীপ চক্রবর্তী, শাহজাহান আলম সাজু, মো. আবু বকর সিদ্দিক, এম এ বারী প্রমুখ উপস্থিত ছিলেন।